আচমকা বোমাতঙ্কে ছড়াল তীব্র উত্তেজনা

কৌশিকী অমাবস্যায় তারাপীঠ ভক্তদের সমাবেশে জমজমাট

নিজস্ব সংবাদদাতা, তারাপীঠ, ২৯ আগস্ট ঃ কৌশিক অমাবস্যা তিথিতে তারাপীঠে এক পরিত্যক্ত ব্যাগকে ঘিরে আতঙ্ক ছড়ালো। ঘটনার সরেজমিনে ছুটে আসে সিউড়ি বোম স্কোয়াডের একটি দল। তারা ব্যাগটি উদ্ধার করে সিউড়ি নিয়ে যান। এলাকা সূত্রে জানা গেছে, তারাপীঠে এক রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কের কাছে একটি ব্যাগকে কেউ বা কারা রেখে চলে যান। দীর্ঘক্ষন দাবিদারহীন এই ব্যাগ পড়ে থাকতে দেখে এলাকায় আতঙ্ক ছড়ায়। পুলিশ ব্যাগটিকে বালির বস্তা দিয়ে ঘিরে রাখে। কিছুক্ষণের মধ্যে সিউড়ি থেকে বোম স্কোয়াডের একটি দল ঘটনাস্থলে ছুটে যান। তারা ব্যগটিকে উদ্ধার করে নিয়ে যান। শেষ খবর পাওয়া গেছে, ব্যাগটির মধ্যে সন্দেহজনক সে রকম কিছু পাওয়া যায় নি। তবে, এব্যাপারে বোম স্কোয়াডের পুরো তদন্ত রিপোর্ট জমা না পড়লে প্রশাসনের বক্তব্য পাওয়া যাবে না, বলে সূত্রের খবর। এদিকে কৌশিকী অমাবস্যা উপলক্ষ্যে কয়েক লক্ষ ভক্তের সমাগম তারাপীঠে। তার মাঝে এই বোমাতঙ্ক ঘিরে বেশ চাঞ্চল্য ছড়ায়। প্রশাসনের তরফে সকলকে আতঙ্কিত না হওয়ার জন্য আবেদন জানানো হয়। পাশাপাশি, গুজব না ছড়ানোর জন্য ও আবেদন রাখা হয়। ইতিমধ্যে তারাপীঠ ভক্ত সমাগমে জমজমাট। তারাপীঠ কোন সতী পীঠ। নয়, সিদ্ধ পীঠ। দক্ষ যজ্ঞের সময় বিষ্ণুর সুদর্শন চক্রে সতীর দেহ বিচ্ছিন্ন হয়ে তার কোন অংশ তারাপীঠে পড়ে নি। কথিত, সুদূর চিনে দেবীর চোখের তারা পড়েছিল। বশিষ্ঠ মুনি সেই তারা, যা বর্তমানে একটি প্রস্তর খণ্ড হিসেবে প্রদর্শিত, তারাপীঠে আনয়ন করেছিলেন। তাই বশিষ্ঠ আরাধিতা তারাও অনেকেই বলে থাকেন। কিন্তু, তাতেও তারা মায়ের এত নাম ডাক বহরে বাড়ে নি। যতদিন বামাক্ষ্যপা তারাপীঠের শশ্মানে এই দিনটিকে তারা মায়ের সাধনা করে সিদ্ধিলাভ করেন। এই কৌশিকী অমাবস্যা তাই তন্ত্র সাধনার বিশেষ দিন। আর এই কারণেই, এই বিশেষ দিনটিতে তারাপীঠে এত ভক্ত সমাগম। তারাপীঠে দ্বারকা নদীতে কুম্ভ স্নানে সবাই হাজির হয়। লাল পোশাক পরে হাতে ধাতব ঘটি নিয়ে মায়ের নাম মুখে নিয়ে হাজির তারাপীঠে। মায়ের পূজা যথারীতি হয়। কিন্তু শশ্মান হয়ে ওঠে তন্ত্র সাধনার পীঠস্থান। তিথি নক্ষত্র মিলিয়ে ঠিক কাঁটায় কাঁটায় বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছ'টা থেকে যজ্ঞ। কেউ করেন গৃহ শান্তির যজ্ঞ। কেউ বশীকরণ। আবার কেউ কাটাবেন দোষ। গোটা রাত তন্ত্র সাধনার হওয়ায় অভিজ্ঞতা হবে বিচিত্র। কেউ ব্লেডে বুকের কাছে সামান্য চিরে জবা ফুলে সিক্ত করে ওঁ ফট স্বাহাঃ উচ্চারণ করে যজ্ঞকুণ্ডে নিবেদন করবেন। মন্ত্রপূত কারণ বারি ছেটাবেন দেহে। মুক্ত মদ্যপান চলে এই সময়। তাই সাবধান থাকতে হয় প্রশাসনকে। এব্যাপারে তারাপীঠ মন্দির সেবায়েত কমিটির সদস্য ও পুরোহিত তথা গবেষক লেখক প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায় বলেন, মহিষাসুর বধের পর শুম্ভ-নিশুম্ভের অত্যাচারে অতিষ্ঠ হয়ে পড়েছিলেন স্বর্গের দেবতারা। শেষে দেবতারা মহামায়ার তপস্যা শুরু করেন। সেই তপস্যায় সন্তুষ্ট হয়ে দেবী নিজ কোষ থেকে উজ্জ্বল জ্যোতি বিচ্ছুরিত করে এক পরমাসুন্দরী দেবী মূর্তিতে আবির্ভূত হন। নিজ কোষ শরীর থেকে বের হওয়ার জন্য তিনি হলেন কৌশিকী। কৌশিকীদেবী আবার তারা ও কালীতে রূপান্তরিত হন। আবার শোনা যায় কৌশিকী অমাবস্যার দিন তারাপীঠ মহাশ্মশানের শ্বেতশিমূল বৃক্ষের তলায় সাধক বামাক্ষ্যপা সাধনা করে সিদ্ধিলাভ করেছিলেন। ফলে ওই দিন মা তারার পুজো দিলে এবং দ্বারকা নদীতে স্নান করলে পুণ্যলাভ হয় এবং কুম্ভস্নান করা হয়। এই বিশ্বাসে আজও ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের মানুষ ওই দিনটিতে তারাপীঠে ছুটে আসেন। গতবছর পাঁচ লক্ষ মানুষের সমাগম হয়েছিল। তার মধ্যে রেলপথেই এসেছিলেন প্রায় চার লক্ষের বেশি মানুষ। বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছ'টায় লাগে অমাবস্যা। শুক্রবার বিকেল সাড়ে চারটা অবধি থাকছে অমাবস্যা। মঙ্গলবার থেকে যে হারে লোক এসেছে। তার থেকে অনেক বেশি পূন্যার্থী আসতে শুরু করেছে বৃহস্পতিবার সকাল থেকেই। কোন লজ ফাঁকা নেই। এই সুযোগে দামও হাঁকিয়ে নিচ্ছে তারা। তারাপীঠ মনসুবা রুটে বেশি যানজট। কিন্তু প্রশাসন ইচ্ছে করলে মৌলো আটলা দিয়ে ওয়ান ওয়ে অর্থাৎ প্রবেশ কিংবা নির্গমন করতে পারতো। তাহলে ভিড় কম হতো। বামাক্ষ্যপার জন্মস্থান আটলার গুরুত্ব অনেক বাড়তো। যদিও এব্যাপারে প্রশাসন চুপ।

রামনগরে বাইক দুর্ঘটনায় মৃত যুবক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি, ২৯ আগস্ট ঃ বুধবার গভীর রাতে পূর্ব মেদিনীপুর জেলা রামনগর থানার অন্তর্গত ফতেপুরে এক ভয়াবহ বাইক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে এক যুবকের এবং ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন যুবক। দুর্ঘটনার সময় বাইকে থাকা তিনজনেরই কারোর মাথায় হেলমেট ছিল না বলে জানা গেছে। স্থানীয় সূত্রে খবর, বুধবার রাতে আত্মীয় বাড়িতে নিমন্ত্রন সেরে ওই রাতেই দিঘায় ঘুরতে যাওয়ার পরিকল্পনা করে তিন যুবক। পরিকল্পনা মতো তারা গভীর রাতে মোটর বাইকে করে দিঘার উদ্দেশ্যে রওনা দেয়। এরপর রামনগর থানার অন্তর্গত ফতেপুরের কাছে হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে বাইকটি একটি বিদ্যুতের খুঁটিতে ধাক্কা মারে। ঘটনায় গুরুতরভাবে আহত হয় বাইকে থাকা তিনজন। এরপর স্থানীয়দের তৎপরতায় ও পুলিশের সহযোগিতায় তাদের দিঘা স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে বাইক চালক দিলীপ নায়েককে(৩০) মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা এবং বাকি দুইজনের চিকিৎসা শুরু করে চিকিৎসকরা। পরে ওই দুইজনের অবস্থার অবনতি হওয়ায় তাদের কাঁথি মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। জানা গেছে ওই তিনজন যুবক তাজপুরের একটি বেসরকারি হোটেলের কর্মী। তারা বুধবার এক আত্মীয়ের বাড়িতে নিমন্ত্রন খেতে এসেছিলেন। এরপর তাদের হঠাৎই পরিকল্পনা হয় দিঘা যাওয়ার। এরপর যাওয়ার পথে এমন দুর্ঘটনা ঘটে। বুধবার গভীর রাতের এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক শোকের ছায়া নেমে আসে এলাকায়। স্থানীয় রামনগর থানার পুলিশ ওই বাইকটিকে আটক করেছে। পুলিশ মৃত দিলীপ নায়েকের দেহ কাঁথি মহকুমা হাসপাতাল ময়নাতদন্তের জন্য পাঠায়।

মানসিক অবসাদে আত্মঘাতী যুবতী

নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ, ২৯ আগস্ট ঃ মানসিক অবসাদে গলায় ওড়নার ফাঁস লাগিয়ে আত্মঘাতী হল এক যুবতী। পুলিশ জানায়, তার নাম রিয়া ঘোষ (১৯)। বাড়ি নবদ্বীপ পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কোলেরডাঙ্গা এলাকায়। এই ঘটনার খবর জানাজানি হতেই, এলাকায় চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় ও সূত্রে জানা যায়, সবজি ব্যবসায়ী মৃত যুবতীর বাবা বাসুদেব ঘোষ জানান, আমার মেয়ে রিয়ার বিয়ে ঠিক হয়ে গেছে। তিনি এও জানান, বেশ কিছুদিন যাবৎ রিয়া শারীরিক রোগে ভুগছিল। সেই কারণে হয়ত অবসাদ থেকেই আত্মঘাতী হয়েছে মনে হয়। বুধবার একমাত্র মেয়ে রিয়াকে বাড়িতে রেখে বাসুদেব বাবু এবং তার স্ত্রী কাজের সুবাদে বাড়ির বাইরে যান। সন্ধ্যায় বাড়ি ফিরে দেখেন নবনির্মিত দোতলা ঘরের ফ্যানের সঙ্গে ওড়না দিয়ে ঝুলছে তাদের মেয়ে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে এসে নবদ্বীপ থানার পুলিশ। পরে দেহটি উদ্ধার করে নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানকার চিকিৎসকরা যুবতীকে মৃত বলে ঘোষণা করেন। বৃহস্পতিবার দুপুরে যুবতীর দেহটি ময়নাতদন্তের জন্য শক্তিনগর জেলা হাসপাতালে পাঠান হয়।

জমি বিবাদে আহত মোট ১০

নিজস্ব সংবাদদাতা, ইসলামপুর, ২৯ আগস্ট ঃ জমি বিবাদ ঘিরে শরিকী সংঘর্ষে দুই পক্ষের আহত মোট দশ জন। ঘটনাটি ঘটেছে চোপড়া থানার চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের কাশিডাঙ্গা গ্রামে। আহতদের দলুয়া স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে তিন জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। দুইজনকে ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে চোপড়া থানার পুলিশ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চোপড়া থানার চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের কাশিডাঙ্গা গ্রামে তিন বিঘা জমি নিয়ে বিবাদ হয় কাকা-ভাইপোর মধ্যে। দুইপক্ষই মীমাংসার জন্য বিধায়কের দ্বারস্থ হয়। বিধায়কের মধ্যস্থতায় লিখিতভাবে তিন বিঘা জমি দান করেছিল কাকা ভাদু মহম্মদ ভাইপো কলিমউদ্দিনকে। এদিন সকালে ওই জমিতে থাকা চা পাতা তুলছিল কলিমউদ্দিন। আচমকাই কাকা ভাদু মহম্মদ দলবল নিয়ে এসে চা পাতা তুলতে বাধা দেয় ভাইপো কলিমউদ্দিনকে। দুইপক্ষের মধ্যে সংঘর্ষ বেঁধে যায়। অভিযোগ ভাদু মহম্মদের দলবল ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করে ভাইপোকে। পালটা আক্রমণ করে ভাইপো। সংঘর্ষে দুই পক্ষের মোট দশ জন আহত হয়। ভাইপোর পক্ষের তিন জন গুরুতর আহত হওয়ায় তাদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। আরও আহত ২ জনকে ইসলামপুর মহকুমা হাসপাতালে পাঠানো হয়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

কর্নজোড়ায় চালু হল সাইবার থানা

নিজস্ব সংবাদদাতা, ইসলামপুর, ২৯ আগস্ট ঃ ব্যাঙ্ক জালিয়াতি থেকে শুরু করে সোশ্যাল মিডিয়ায় উস্কানিমূলক ফেক নিউজ ছড়ানোর ক্রমবর্ধমান প্রবনতায় রাশ টানতে উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জের কর্নজোড়ায় চালু করা হল সাইবার ক্রাইম থানা। জেলার এই সাইবার ক্রাইম থানার উদ্বোধন করেন উত্তরবঙ্গের আইজি আনন্দ কুমার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর দিনাজপুর জেলার জেলাশাসক অরবিন্দ কুমার মীনা, জেলা পুলিশ সুপার সুমিত কুমার এবং অতিরিক্ত পুলিশ সুপার নিকিতা ফোনিং সহ অন্যান্য পুলিশ আধিকারিকেরা। বৃহস্পতিবার থেকেই এই সাইবার ক্রাইম থানায় অভিযোগ লিপিবদ্ধ করতে পারবেন জেলার বাসিন্দারা। বর্তমানে সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন সময় বিভিন্ন অভিযোগ উঠে আসে। সেই সমস্ত অভিযোগের পূর্ন তদন্ত করতে সহায়তা করবে সাইবার ক্রাইমের পুলিশ। উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ কর্নজোড়া পুলিশ লাইনে বৃহস্পতিবার সাইবার ক্রাইম থানার আনুষ্ঠানিক উদ্বোধন হল। এরফলে জেলার মানুষ ভীষণভাবে উপকৃত হবেন বলে জানালেন জেলার সাইবার ক্রাইম থানার উদ্বোধক উত্তরবঙ্গের আইজি আনন্দ কুমার। বর্তমানে সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন ধরনের অভিযোগ করেন সাধারন মানুষ। এখন থেকে পুলিশের পাশাপাশি সাইবার ক্রাইম পুলিশ তদন্ত করে সমস্যার সমাধান করবে।

কেন্দ্র এবং রাজ্যের বিরুদ্ধে একনায়ক প্রশাসন চালানোর প্রতিবাদ জানিয়ে ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, মালদা, ২৮ আগস্ট ঃ কেন্দ্র এবং রাজ্যের বিরুদ্ধে একনায়কতন্ত্র প্রশাসন চালানোর প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ ডেপুটেশন কর্মসূচি অনুষ্ঠিত হলো মালদায়। প্রদেশ কংগ্রেস সভাপতি সৌমেন মিত্র এবং পশ্চিমবঙ্গের কংগ্রেস দলের পর্যবেক্ষক গৌরব গগৈ'র এর নেতৃত্বে এই ডেপুটেশন বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করে জেলা কংগ্রেস নেতৃত্ব। পরে জেলাশাসক এবং পুলিশ সুপারের কাছে ডেপুটেশন দেওয়া হয়। বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে মালদা জেলা প্রশাসনিক ভবনের সামনে মঞ্চ করে কেন্দ্র এবং রাজ্য সরকারের একনায়কতন্ত্র চালানোর প্রতিবাদ জানিয়ে এই ডেপুটেশনের বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করে রাজ্য কংগ্রেস নেতৃত্ব। এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য, আব্দুর সাত্তার, দক্ষিণ মালদার সংসদ আবু হাসেম খান চৌধুরী, জেলা কংগ্রেস সভাপতি মোস্তাক আলম, বিধায়ক অর্জুন হালদার, আসিফ মেহেবুব সহ স্থানীয় কংগ্রেস নেতা-কর্মীরা।

NOTICE INVITING TENDER
N.I.T.No. - 03 of 2019-2020 is invited by the Assistant Engineer Basirhat Sub-Division, Basirhat, North 24-parganas, for the works under this Sub-Division. Last date and time of Application **02.09.2019 up to 2.00P.M.** (Off Line) For more details, please contact to the Office of the undersigned on any working days.
Sd/-Assistant Engineer Basirhat Sub-Division (P.W.D.)

Government of West Bengal Office of the Assistant Engineer (A-I) Balagarh (A-I) Sub-Division, Jirat, Hooghly
NOTICE INVITING TENDER No-03 of 2019-2020
A.E (A-I), Balagarh (A-I),S/D has invited Tender for A) Reconnection of Delivery Pipe B) Electrical Wiring of 4 (four) nos DTW centre & C) Maintenance of pump house of 12nos LDTW under Balagarh (A-I)S/D, Jirat, Hooghly. Last date of receiving application for purchasing of tender paper is on **20.09.2019 up to 2.00P.M.** For other details information may contact any working day with the office of the undersigned.
Sd/- Assistant Engineer (A-I), Balagarh (A-I) Sub-Division, Jirat, Hooghly

Online Tender is being invited by E.E, Birbhum Electrical Division, PWD, for – "New Construction of 02 (Two) storied Additional Class room and Multipurpose hall at DIET, Birbhum...Balance internal El works and External El works. "**NIT No: BIRED/10/e-T(1 st Call) of 2019-20.** Bid submission closing Date-**12.09.2019 up to 06.55 pm**, For more information Visit **https://wbtenders.gov.in**
Sd/- Executive Engineer, PWD, Birbhum Electrical Division, Suri; Birbhum

NIT NO. 03 OF 2019-20
Separate sealed tenders invited by the undersigned for two (02) nos. work under Raidighi (I)Sub-Division, amount put to tender Rs.186435.00 & Rs.250699.00. Last date of application **05.09.2019.** Purchase **06.09.2019.** Details will be available at the office of the undersigned between 11.00Hrs to 16.00Hrs.
Sd/- S.D.O Raidighi (I) Sub-Divn

NOTICE INVITING QUOTATION
Sealed item rate quotation are invited by the undersigned against **N.I.Q No.- 29/Q of ECSD of 2019-20** for the work of "Supply of urgent maintenance material of Electrical installation for MIC & MOS Qtr., Karaya Police housing & 99/1 Karaya Road, Kolkata" Tenders will be received in this office **up to 2.p.m on 05/09/19** and opened shortly thereafter. Other details information can be obtained from the office notice board.
Sd/- Assistant Engineer, P.W.D., Electrical Construction Sub-Division Govt. of West Bengal

NIQ/NIT
Sealed quotation against **NIQ-40/Q of 2019-20** are invited by The Asstt. Engr. Bidhannagar Electrical Sub Division-II, P.W.Dte Purta Bhavan, Salt Lake, Kol for the following work:- i) "Annual comprehensive maintenance work of 1 No 250 KVA fully Auto Controlled Diesel Generator Set at Netaji Subhash Open University, DD-26, Sector-1,Salt Lake, Kol-64".(w.e.f: 11.09.2019 to 10.09.2020). Last date of permission for obtaining Quotation/Tender papers for the above NIQ/NIT are **1:00 P.M. of 05.09.2019** and. due date is **06.09. 2019. at 02:00P.M.** Detail information will be available within all working hours of the concerned office.
Sd/- Assistant Engineer, P.W.Dte., Bidhannagar Electrical Sub Division-II

NOTICE INVITING TENDER
Sealed Tender against **NIT no. 13/T/CKH of 2019-20** is hereby invited by the A.E, C.K.H.E.S.D. P.W.Dte., 1B, Convent Road,Kol- 700 014, for 01 no Tender. Last date of permission for this job is **05.09.2019.** Further details may be available from the office of the undersigned on all working days between 11 AM to 4 PM. Detail information/download will be available from the website: **http://pwdwb.in**
Sd/- Assistant Engineer (P.W.Dte), Central Kolkata Health Electrical Sub-Division.

আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড IDFC FIRST Bank
(পূর্বে ক্যাপিটাল ফার্স্ট লি. ও সংযুক্ত আইডিএফসি ব্যাঙ্ক লি.র সাথে) CIN : L65110TN2014PLC097792
রেজিস্টার অফিস ঃ কেআরএম টাওয়ারস, ৮ ফ্লোর, হ্যারিংটন রোড, চেটপেট, চেন্নাই-৬০০০৩১। টেলি ঃ +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০০০। ফ্যাক্স ঃ +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০২২।

অনুবিধি ৪ (ধারা ৮ (১)
অধিগ্রহণ বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির ক্ষেত্রে)
এতদ্বারা নিম্নস্বাক্ষরকারী স্বীকৃত আধিকারিক **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লি. (পূর্বে ক্যাপিটাল ফার্স্ট লি. ও সংযুক্ত আইডিএফসি ব্যাঙ্ক লি.-র সাথে)**, অধীনস্থ নিশ্চিতকরণ এবং পুর্ণগঠন আর্থিক সম্পত্তি এবং প্রয়োগকারী সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২ এবং ক্ষমতার প্রয়োগ প্রদত্ত হয়েছে অধীন ধারা ১৩(১২) সঙ্গে পড়তে হবে ধারা ৩ সিকিউরিটি ইন্টারেস্ট (প্রয়োগ) ধারা, ২০০২ জারি করছে একটি দাবী বিজ্ঞপ্তি তারিখ ০৮-০৬-২০১৯ জানানো হচ্ছে গ্রাহক, উপগ্রাহক ও জামিনদার **১. হিন্দুস্থান মেসিনারিজ, ২. মোহনলাল মুখার্জি, ৩. সৌম মুখার্জি,** জানানো হচ্ছে প্রদান করতে হবে দাবীপত্রে উল্লেখিত **টাকা ১৩,৭৯,৭৭০.০৪ /- (টাকা তেরো লক্ষ উনআশি হাজার সাতশত সত্তর টাকা চার পয়সা মাত্র)** ০৭-০৬-২০১৯ **তারিখে** বকেয়া যা দাবীপত্রে উল্লেখ করা হয়েছে বিজ্ঞপ্তি গ্রহণ করার ৬০ দিনের মধ্যে জমা করতে হবে।
গ্রাহক যদি বকেয়া টাকা জমা না করতে পারে, বিজ্ঞাপিত করা যাচ্ছে গ্রাহকদের এবং জনস্বার্থে যে নিম্নস্বাক্ষরকারী প্রতীকী অধিগ্রহণ করবেন নিম্নবর্নিত সম্পত্তি তাকে ক্ষমতা প্রদান করা হয়েছে উপ-ধারা (৪) অধীন ধারা ১৩ অনুসারে সঙ্গে পড়তে হবে ধারা ৮ নিরাপত্তা আগ্রহ (প্রয়োগ) ধারা, ২০০২ **২৭ আগস্ট, ২০১৯ তারিখে।**
গ্রাহকদের ও জনস্বার্থে জ্ঞাত করা যায় যে উল্লেখিত সম্পত্তি লেনদেন না করার বিষয়ে এবং যদি এই সম্পত্তি লেনদেন হয় সেক্ষেত্রে **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লি. (পূর্বে ক্যাপিটাল ফার্স্ট লি. ও সংযুক্ত আইডিএফসি ব্যাঙ্ক লি.-র সাথে)** দাবী করবে **টাকা ১৩,৭৯,৭৭০.০৪ /- (টাকা তেরো লক্ষ উনআশি হাজার সাতশত সত্তর টাকা চার পয়সা মাত্র)** সঙ্গে সুদ সহকারে।
গ্রাহকদের মনোযোগ আকর্ষিত করা যায় যে বন্দোবস্ত উপ-ধারা (৮) অধীন ধারা ১৩ আইন অনুসারে উপযুক্ত সময় পাবেন, নিজেদের সুরক্ষিত সম্পদ পুণরুদ্ধার করার জন্য।
স্থাবর সম্পত্তির পূর্নাঙ্গ বিবরণ
সমস্ত অংশ এবং সামগ্রী সম্পত্তির যার জমির পরিমাপ ৬ কাঠা, ১৫ ছটাক, ৭ স্কো.ফুট. বা তার চেয়ে কিছু কম বা বেশি, সঙ্গে একটি কাঠামো রয়েছে সেখানে, অবস্থিত রয়েছে মৌজা পুইল্যা এবং যার আর.এস. দাগ নং. ৫০৯ অধীন আর.এস. খতিয়ান নং. ৫৩, ৩৯১, ৩৯২ ও ৩৯৩ অংশীভূত এল.আর. দাগ নং. ৬৩৬ অধীন এল.আর. খতিয়ান নং. ৫০৪ বর্তমানে ১৬৯২, জে.এল. নং. ১১, অধীন ওয়ার্ড নং. ৪৬ হাওড়া পৌর নিগম, থানা জগাছা, জেলা হাওড়া-৭১১৩০২।
আপনার বিশ্বস্ত
স্বীকৃত আধিকারিক
তারিখ ঃ ২৭-আগস্ট-২০১৯
স্থান ঃ পশ্চিমবঙ্গ
ঋণের অ্যাকাউন্ট নং. ঃ ১০২৭০৯৩৭।
আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লি. (পূর্বে ক্যাপিটাল ফার্স্ট লি. ও সংযুক্ত আইডিএফসি ব্যাঙ্ক লি.-র সাথে)

ইন্টারন্যাশনাল কনভেয়রস লি.
রেজিস্টার অফিস ঃ ফলতা সেজ, সেক্টর-২, পাম্প হাউস নং.৩-এর নিকট, গ্রাম ও মৌজা-অকালমেঘ, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-৭৪৩৫০৪
CIN -L21300WB1973PLC028854
৪৬ তম বার্ষিক সাধারন সভা, বুক ক্লোজার এবং রিমোট ই-ভোটিং তথ্যাবলী
এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ৪৬তম বার্ষিক সাধারণ সভা কোম্পানির সদস্যদের অনুষ্ঠিত হবে শনিবার, ২১ সেপ্টেম্বর, ফলতা সেজ, সেক্টর-২, পাম্প হাউস নং.৩-এর নিকট, গ্রাম ও মৌজা-অকালমেঘ, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ-৭৪৩৫০৪ দুপুর ২.০০ ঘটিকায় ব্যবসায়িক পর্যালোচনা যা উল্লেখ রয়েছে ৪৬তম এজিএম নোটিসে।
অনুসারী ধারা ৯১ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা ২০১৪, সঙ্গে সংশোধনী, এবং ধারা ৪২ সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলাইজেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট), ধারা, ২০১৫, সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে শনিবার ১৪ সেপ্টেম্বর, ২০১৯ থেকে শনিবার ২১ সেপ্টেম্বর (উভয় দিন সহ) পর্যন্ত এবং নিশ্চিত হয়েছে সদস্যদের নাম ফাইনাল ডিভিডেন্টের জন্য যা ঘোষিত হবে ইক্যুইটি শেয়ার আর্থিক বছরের জন্য ৩১ মার্চ, ২০১৯, যদি থাকে।
৪৬তম এজিএম নোটিস, বার্ষিক ফলাফল, প্রক্সি ফর্ম এবং উপস্থিতি স্লিপ প্রেরণ করা হয়েছে সদস্যদের পোস্টে এবং বৈদ্যুতিনভাবে যে সমস্ত সদস্যদের ই-মেল ঠিকানা নথিবদ্ধ রয়েছে। উল্লেখিত নথিপত্র পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে ''www.iclbelting.com'' এবং এনএসডিএল ওয়েবসাইটে ''www.evoting.nsdl.com''।
অনুসারী ধারা ১০৮ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা ২০১৪, সংশোধনী, এবং ধারা ৪৪ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলাইজেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানি ন্যাশনাল ডিপোসিটারি সিকিউরিটিস লিমিটেড(এনডিএসএল)কে নিয়োগ করেছে ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য কোম্পানির সদস্যদের। সমস্ত বানিজ্যিক বিষয় এজিএম নোটিসে সঙ্গে পাওয়া যাবে রিমোট ই-ভোটিং সুবিধা।
রিমোট ই-ভোটিং শুরু হবে বুধবার, ১৮ সেপ্টেম্বর, ২০১৯ সকাল ১০.০০ ঘটিকায় (আইএসটি) এবং শেষ হবে শুক্রবার, ২০ সেপ্টেম্বর, ২০১৯ বিকাল ৫.০০ ঘটিকায় (আইএসটি)। ই-ভোটিং মেয়াদ চলাকালীন, কোম্পানির সদস্যরা যারা শেয়ার ধরে রেখেছেন ফিজিক্যাল ফর্মে অথবা ডিমেটিরিয়ালাইজ ফর্মে কাট-অফ তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে তারা বিবেচিত হবেন ভোট প্রদানে বৈদ্যুতিনভাবে, ভোট অধিকার প্রস্তুত হবে হোল্ডিং শেয়ার সংখ্যা অনুসারে। ই-ভোটিং মডিউল এনএসডিএল ভোট প্রদানের পর বন্ধ করবে। একবার কোন শেয়ার হোল্ডার নিজের ভোট প্রদান করার পর তা আর পরিবর্তন করতে পারবেন না। যে সমস্ত সদস্যরা নিজেদের ভোট রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে প্রদান করবেন তারা এজিএমে অংশ নিতে পারলেও পুণরায় সভাস্থলে ভোট দিতে পারবেন না।
এজিএমে সুবিধা পাওয়া যাবে ভোটের ব্যালট পেপারের মাধ্যমে কাট-অফ তারিখে যারা সদস্য হিসাবে রয়েছেন, যিনি নিজের ভোট রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে প্রদান করেননি, তারাই নিজেদের ভোটাধিকার প্রদান করতে পারবেন এজিএম সভাস্থলে ব্যালট পেপারের মাধ্যমে।
যদি কোন ব্যক্তি শেয়ার নিয়ে থাকেন এবং সদস্য হয়ে থাকেন এজিএম নোটিস প্রেরণের পর এবং শেয়ার ধরে রাখেন কাট-অফ তারিখে তাহলে ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে অনুরোধ পাঠান evoting@nsdl.co.in কে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার পরই বৈদ্যুতিনভাবে নিজের ভোট দিতে পারবেন। বিস্তারিত পদ্ধতি ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার পাওয়া যাবে এজিএম নোটিসে যা রয়েছে কোম্পানির ওয়েবসাইটে ''www.iclbelting.com'' এবং এনএসডিএল ওয়েবসাইটে ''www.evoting.nsdl.com''। যদি কোন সদস্য ইতিমধ্যে এনএসডিএল-এ ই-ভোটিংয়ের জন্য নথিভুক্ত থাকেন তাহলে বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে ভোট প্রদান করতে পারবেন।
যদি কোন প্রশ্ন বা সহায়তা প্রয়োজন হয় ই-ভোটিংয়ের বৈদ্যুতিনভাবে, তাহলে সদস্যরা ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চন (এফএকিউ) করতে পারেন এবং রিমোট ই-ভোটিং ইউজার ম্যানুয়াল সদস্যদের পাওয়া যাবে ডাউনলোডে সেকশানে এনএসডিএল ই-ভোটিং ওয়েবসাইটে অথবা যোগাযোগ করুণ শ্রীমতি পল্লবী মাহাত্রে, সহকারী ম্যানেজার, এনএসডিএল, ট্রেড ওয়ার্ল্ড, এ উইং, ৪র্থ ফ্লোর, কমলা মিলস কম্পাউন্ড, লোয়ার প্যারেল, মুম্বই-৪০০০১৩ বা ফোন নং. ০২২-২৪৯৯৪৫৪৫ অথবা টোল ফ্রি নং. ১৮০০-২২২-৯৯০ অথবা ই-মেল আইডি ঃ evoting@nsdl.com। সদস্যরা নিম্নস্বাক্ষরকারীকে কোম্পানির রেজিস্টার অফিসে অথবা স্বাক্ষরকারীর ই-মেল আইডি investors@iclbelting.com-তে চিঠি লিখতে পারেন এই বিষয়ে।
ইন্টারন্যাশনাল কনভেয়রস লিমিটেড
নেহা খান্ডেলওয়াল
কোম্পানি সচিব ও সহযোগী আধিকারিক
স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৯.০৮.২০১৯

পূর্বাশা রিসোর্সেস লিমিটেড
CIN NO: - L65993WB1980PLC032908
রেজি অফিস ঃ পূর্বাশা হাউস, ২৫ পার্ক লেন, কলকাতা-৭০০০১৬
ফোন নং. (০৩৩)২২২৯-২৮৮১, ২২৪৯-৫৫২৪, ফ্যাক্স নং. ঃ ৯১-৩৩-৪০৬২৫২৬৯
E-mail : prl@purbasha.co.in, Website : www.purbasha.in
৩৯ তম বার্ষিক সাধারণ সভা, রিমোট ই-ভোটিং তথ্যাবলী এবং বুক ক্লোজার নোটিশ
এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ৩৯তম বার্ষিক সাধারণ সভ